# বাংলাদেশ বার কাউন্সিল

বার কাউন্সিল ভবন, ঢাকা-১০০০।

নং-বা.বা.কা./প্রশাসন/৩২৫৯

তারিখঃ ১৫ নভেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ
৩০ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বার কাউন্সিল (একটি সংবিধিবদ্ধ সংস্থা) এর নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের জন্য সরকারী বিধি মোতাবেক ১৮ হইতে ৩০ বৎসর বয়সের স্থায়ী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে (http://barcouncil.teletalk.com.bd) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। Online ব্যতিত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রঃ নং | পদের নাম | শূন্য পদের সংখ্যা | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | সহকারী পরিচালক (ডিউস কালেকশন) (গ্রেড-০৯) (বেতন স্কেল) ২২০০০-৫৩০৬০/- | ০২ (দুই)টি | (ক)কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে একাউন্টিং বা বাণিজ্য বিভাগে অর্নাস সহ মাস্টার্স ডিগ্রী/বি.কম (পাশ) এম.কম (১ম শ্রেণী)। (খ) হিসাব সংক্রান্ত কাজে নূন্যতম ১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা। |
| ০২ | সহকারী পরিচালক (অডিট) (গ্রেড-০৯) (বেতন স্কেল) ২২০০০-৫৩০৬০/- | ০১ (এক)টি | (ক)কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে বাণিজ্য বিভাগে অর্নাস সহ মাস্টার্স/ বি.কম (পাশ) সহ এম.কম (১ম শ্রেণী) ও সি.এ সি.সি. কোর্স সম্পন্ন। (খ) অডিট সংক্রান্ত কাজে নূন্যতম ১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা। |
| ০৩ | সহকারী পরিচালক (ট্রেনিং,এনরোলমেন্ট) (গ্রেড-০৯) (বেতন স্কেল) ২২০০০-৫৩০৬০/- | ০৩(তিন) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে কোন বিষয়ে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে অর্নাস সহ মাস্টার্স ডিগ্রী / স্নাতক ডিগ্রী সহ ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। (খ) সংশ্লিষ্ট বিষয়ে নূন্যতম ১(এক) বছরের বাস্তব অভিজ্ঞতা। (গ) আইন বিষয়ে অনার্স সহ মাস্টার্স/স্নাতক ডিগ্রী সহ স্নাতকোত্তর ডিগ্রী ধারীদের অগ্রাধিকার। |
| ০৪ | এল.ডি.এ কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৬) (বেতন স্কেল) ৯৩০০-২২৪৯০/- | ০৭ (সাত)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড থেকে ন্যূনতম উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পাস। (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ও ইংরেজী টাইপিং স্পীড প্রতি মিনিটে কমপক্ষে ৩০ শব্দ এবং সাঁটলিপিতে মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৭০ এবং বাংলায় ৪৫ শব্দ। |
| ০৫ | এল.ডি.এ কাম-টেকনিশিয়ান, (গ্রেড-১৬ ) (বেতন স্কেল) ৯৩০০-২২৪৯০/- | ০২ (দুই)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড থেকে ন্যূনতম উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পাস। (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ও ইংরেজী টাইপিং স্পীড প্রতি মিনিটে কমপক্ষে ৩০ শব্দ। (গ) হার্ডওয়্যার ও নেটওয়ার্কিং এর কাজে পারদর্শী হতে হবে। স্ব স্ব কাজের ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৬ | এল.ডি.এ (গ্রেড-১৬) (বেতন স্কেল) ৯৩০০-২২৪৯০/- | ০২ (দুই)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড থেকে ন্যূনতম উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পাস। |

আবেদন শুরুর তারিখে (২৪-১১-২০২২খ্রিঃ) আবেদনকারীর বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২সেপ্টেম্বর, ২০২২ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নম্বর স্মারকের নির্দেশনা অনুযায়ী ২৫/৩/২০২০ খ্রিঃ তারিখে যে সকল প্রার্থীর বয়স সর্বোচ্চ সময়সীমার মধ্যে রয়েছে সে সকল প্রার্থীও আবেদন করতে পারবেন। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। **শিক্ষাজীবনে কোনভাবেই ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়।** সহকারী পরিচালক পদে পরীক্ষার ফি বাবদ সর্বমোট ১১২০/- (অর্থ্যাৎ পরীক্ষার ফি বাবদ ১০০০/-(এক হাজার) টাকা ও টেলিটক সার্ভিস চার্জ বাবদ ১২০/-) এবং এল.ডি.এ কাম-কম্পিউটার অপারেটর/এল.ডি.এ কাম-টেকনিশিয়ান/এল.ডি.এ পদে সবমোট ৫৬০/- টাকা (অর্থ্যাৎ পরীক্ষার ফি বাবদ ৫০০/- টাকা ও টেলিটক সার্ভিস চার্জ বাবদ ৬০/-) আবেদনের ৭২ (বাহাত্তর ) ঘন্টার মধ্যে এস.এম.এস. এর মাধ্যমে উক্ত পরীক্ষার ফি জমা দিবেন।

পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীকে http://barcouncil.teletalk.com.bd ওয়েবসাইটে নির্ধারিত আবেদপত্র পুরণ করে অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম এবং ফি জমা প্রদান করতে হবে। আবেদন সংক্রান্ত বিস্তারিত সকল তথ্য উপরোল্লিখিত লিংকে পাওয়া যাবে।

আবেদনের সময়সীমা নিম্নরুপঃ

(i) Online আবেদনপত্র জমাদান শুরুর তারিখ ২৪-১১-২০২২, সকাল ১০:০০ টা।
(i i) Online আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২০/১২/২০২২ খ্রিঃ বিকাল ৫.০০ টা পর্যন্ত।

(মোঃ আফজাল উর রহমান)
ভারপ্রাপ্ত সচিব
বাংলাদেশ বার কাউন্সিল।